# শার্শা উপজেলা পরিষদ কমিটির ৩০তম উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ সিরাজুল হক মঞ্জু<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শার্শা, যশোর। |
| তারিখ | ঃ | ১৫ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ। |
| সময় | ঃ | বেলা ১০:৩০ ঘটিকা। |
| স্থান | ঃ | উপজেলা প্রশাসনিক ভবন সভাকক্ষ, শার্শা, যশোর। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট - ক- এ বর্ণিত।

১। সভার প্রারম্ভেই সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানানো হয়। অতঃপর সভার সদস্য সচিব তথা উপজেলা নির্বাহী অফিসার শার্শাকে সভা পরিচালনার অনুরোধ জানানো হয়। তিনি গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। তাতে কোনরুপ পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন না থাকায় গত সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর সদস্য সচিব উপস্থিত সকল বিভাগের কর্মকর্তাকে বিভাগীয় কার্যক্রম উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

২। বিভাগীয় আলোচনা ঃ

২.১। উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ সভায় অনুপস্থিত। সংশ্লিষ্ট বিভাগ হতে কোন কার্যপত্র পাওয়া যায়নি।

২.২।উপজেলা মৎস্য অফিস-ঃ

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, শার্শা, যশোরের পক্ষে উপস্থিত প্রতিনিধি জানান যে, সংশ্লিষ্ট বিভাগের কার্যক্রম কার্যক্রম স্বাভাবিক চলছে । তিনি সভায় অবহিত করেন যে, আলোচ্য মাসে প্রশাসনের সহায়তায় একটি অবৈধ বাধ-পাটা অপসারণ করা হয়েছে। সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক দাখিলকৃত কার্যপত্রে যে তথ্য পাওয়া যায় তা নিম্নরুপঃ

(১) আলোচ্য মাসে অফিস ও মাঠ পর্যায় ৩০ জন মৎস্য চাষীকে বিভিন্ন সমস্যা, রোগ প্রতিরোধ এবং উৎপাদন বৃদ্ধিসহ নিরাপদ খাদ্য উৎপাদনের জন্য খামার পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় প্রযুক্তি ও পরামর্শ সেবা প্রদান করা হয়। ইউনিয়ন পর্যায় লিফদের মাধ্যমে ৬৮ জন চাষীদের পুকুর/খামার নিয়মিত পরিদর্শন ও পানি পরীক্ষা করা হয়েছে।

(২) মা ইলিশ সংরক্ষণ অভিযান, ০৪-২২ অক্টোবর /২০২১ এর আওতায় উপজেলার সকল বাজার ও মৎস্য আড়ৎগুলোতে বিশেষ অভিযানে ৫২টি অভিযান এবং পান্তাপাড়া খালে পাটাবাধ উচ্ছেদে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

(৩) ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) কার্যক্রমের মধ্যে বিকল্প কর্মসংস্থান শীর্ষক কর্মসূচি অন্তর্ভূক্ত করা হয়েছে। উক্ত কর্মসুচির আওতায় এই অর্থ বছরে ৮ জন মৎস্যচাষীকে আয়বর্ধনমূলক কার্যক্রমে. অংশগ্রহন নিশ্চিত করতে হবে।

উপরিউক্ত ষিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ১। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখাসহ মৎস্য সম্পদ রক্ষার্থে সরকারি নির্দেশনা মোতাবেক প্রশাসনের সহযোগিতায় কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, শার্শা, যশোরকে অনুরোধ জানানো হলো।

২.৩। উপজেলা কৃষি বিভাগ ঃ

উপজেলা কৃষি কর্মকর্তা, শার্শা, জানান সংশ্লিষ্ট বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সংশ্লিষ্টবিভাগ হতে প্রাপ্ত কার্যপত্রে দেখা যায়, ২০২১-২০২২ খরিপ-২ মৌসুমে ২০৫০০ হেঃ জমিতে রোপা আমনের আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে। লক্ষ্যমাত্রার ভিত্তিতে ২০৮৫০ হেঃ জমিতে আমন আবাদ চুড়ান্ত করা হয়েছে ও বর্তমানে আমন ধান কর্তন অব্যাহত আছে। এছাড়াও আগাম রবি সবজি ৬১৫ হেঃ, মাসকলাই ৯০ হেঃ, নাবী পাটবীজ ১০ হেঃ এবং তুলা ০৫ হেঃ জমিতে আবাদ করা হয়েছে। প্রাপ্ত কার্যপত্র মোতাবেক আরও দেখা যায় এ উপজেলায় বর্তমানে সর সরবরাহের কোট ঘাটতি নেই। নিয়মিত সারের দোকান পর্যবেক্ষণ করা হচ্ছে। খরিপ -২ মৌসুমে প্রণোদনার আওতায় গ্রীষ্মকালীন পেঁয়াজ ১৩০ জন চাষী, নাবী পাট বীজ ৪০ জন চাষী এবং মাসকলাই ৭০ জন চাষীর মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে।

উপরিউক্ত ষিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ১। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, শার্শা, যশোরকে অনুরোধ জানানো হলো।

২.৪। উপজেলা প্রাণি সম্পদ বিভাগ ঃ- সভায় অনুপস্থিত। সংশ্লিষ্ট বিভাগ হতে কোন কার্যপত্র পাওয়া যায়নি।

২.৫। উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর ঃ-

সভায় উপস্থিত উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শার্শা, যশোর জানান যে, মাঠ পর্যায়ের কর্মকান্ত স্বাভাবিকভাবে চলছে। উপজেলার ৩৭টি সিসিতে কোভিড-১৯ প্রতিরোধে ভ্যাকসিনেশন কার্যক্রম চলছে। এ কাজে তার বিভাগের কর্মীরা সার্বিক সহযোগিতা প্রদান করছে। সংশ্লিষ্ট বিভাগের আলোচ্য মাসের কার্যক্রমের যে তথ্য তুলে ধরেন তা নিম্নরুপঃ

| সক্ষম দম্পতি | স্থায়ী পদ্ধতি | | | আইইউডি | ইমপ্ল্যান্ট | ইনজেকশন | খাবার বড়ি (চক্র) | কনডম (পিস) | এম আর | সিএআর % | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পুরুষ | মহিলা | মোট | | | | | | | | |
| ৮০৫৬২ | ০১ | ০৭ | ০৮ | ০৬ | ৬৪ | ২৫৭১ | ৯৯৪৯ | ৩১৪৩৭ | ০০ | ৮০.১৩% | |

মা-শিশু স্বাস্থ্য ও সাধারণ রোগী সেবা

| গর্ভবতীর সংখ্যা | গর্ভবতীকালীন সেবা | প্রসব সেবা | প্রসবোত্তর সেবা | নবজাতকের সেবা | সাধারণ রোগী সেবা | শিশু স্বাস্থ্য সেবা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ২১১৯ | ৮৩০ | ৩৭ | ২১৪ | ২৯৫ | ৫১৫০ | ৬৪১৭ | |

উপরিউক্ত ষিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ (১) । বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শার্শা, যশোরকে অনুরোধ জানানো হয়।

চলমান পাতা-২

২.৬। উপজেলা প্রকৌশলীর দপ্তর

(ক) উপজেলা প্রকৌশলী, শার্শা, যশোর জানান যে, (১) ইউজিডিপি (জাইকা)/২০২১-২০২২ এর আওতায় শার্শা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মেডি যন্ত্রপাতি সরবরাহ কাজের জন্য ইতোমধ্যে ঠিকাদারের অনুকূলে কার্যাদেশ প্রদান করা হয়েছে। Central Oxygen Supply System এর জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লে পৃথক কোন রুম না থাকায় ঠিকাদার কাজটি সম্পাদন করতে পারছে না। তাই জরুরী ভিত্তিতে কোটেশনের মাধ্যমে একটি রুম নির্মান করা প্রয়োজন।

(খ) উপজেলা প্রকৌশলী, শার্শা, যশোর আরও জানান যে, বেনাপোল ইউনিয়নে কাগজপুকুরে অবস্থিত বীর মুক্তিযোদ্ধাদের গণকবরস্থানে এসএস পা দিয়ে গেটসহ ৪টি রেলিং নির্মান করার জন্য জনাব মোঃ মোজাফ্‌ফর হোসেন, সাবেক কমান্ডার, শার্শা উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, শার্শা, যশোর আবেদন করেছেন।

উল্লিখিত ২টি কাজ সম্পাদনের বিষয়ে তিনি নিম্নোক্ত প্রকল্প সভায় উপস্থাপন করেন।

প্রকল্প তালিকা ঃ

| ক্রঃনং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মুল্য | বাস্তবায়ন পদ্ধতি | ব্যয়ের খাত | মন্তব |
|---|---|---|---|---|---|
| ০১ | Central Oxygen Supply System এর জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একটি রুম নির্মান। | ৫,৫০,০০০.০০ | কোটেশন | উপজেলা পরিষদের রাজস্ব উন্নয়ন/২০২১-২০২১১ | |
| ০২ | বেনাপোল ইউনিয়নে কাগজপুকুরে অবস্থিত বীর মুক্তিযোদ্ধাদের গণকবরস্থানে এসএস পাইপ দিয়ে গেটসহ ৪টি রেলিং নির্মান | ৭৫,০০০.০০ | PIC | উপজেলা পরিষদের রাজস্ব উন্নয়ন/২০২১-২০২১১ | |

উপরিউক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ (১)। উল্লিখিত ২টি প্রকল্প গুরুত্বপূর্ণ হওয়ায় প্রকল্প ২টি সর্বসম্মতিক্রমে অনুমোদন এবং বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হলো।
বাস্তবায়নে ঃ উপজেলা প্রকৌশলী, শার্শা, যশোর।

(গ) উপজেলা প্রকৌশলী ,শার্শা, যশোর জানান যে, উপজেলা পরিষদের পুরাতন অফিস ভবন জরাজীর্ণ অবস্থায় আছে। উক্ত ভবন মেরামত করা প্রয়োজন। তিনি বর্ণিত কাজের প্রাক্কলন সভায় উপস্থাপন করেন।

| ক্রঃনং | কাজের নাম | প্রাক্কলিত মুল্য |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের পুরাতন অফিস ভবন মেরামত | ১২,৫০,০০০.০০০ |

উপরিউক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ (১)। সরকারি সম্পদ রক্ষণাবেক্ষণের স্বার্থে প্রকল্পটি গুরুত্বপূর্ণ হওয়ায় উপজেলা পরিষদের রাজস্ব খাত থেকে প্রকল্পটি দ্রুত বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,স্থানীয় সরকার বিভাগ থেকে অনুমোদন সাপেক্ষে প্রকল্পটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হলো। উপজেলা পরিষদের রাপ্রকল্প ২টি সর্বসম্মতিক্রমে অনুমোদন এবং বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হলো। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,স্থানীয় সরকার বিভাগ থেকে অনুমোদন গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, যশোরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(ঘ) উপজেলা প্রকৌশলী, শার্শা, যশোর উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থবছরের জন্য উপজেলা প্রকল্প বাছাই কমিটিতে নির্বাচিত ১০,০০,০০০/=(দশ লক্ষ) টাকা (ভ্যাট ও আইটি ব্যতীত) টাকার নিম্নোক্ত ০৭(সাত)টি প্রকল্প পরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।

| ক্রঃনং | প্রকল্পের নাম | বিভাগ | প্রাক্কলন (ভ্যাট ও আইটি ব্যতীত) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | বাল্য বিবাহ, মাদক ও পাচাররোধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কাজী, ইমাম এবং নির্বাচিত জনপ্রতিনিধিদের প্রশিক্ষণ | মহিলা বিষয়ক | ১,২২,৮০০/= | |
| ২ | বেকার যুবকদের ফ্রিল্যান্সিং বিষয়ে বিষয়ক প্রশিক্ষণ | যুব উন্নয়ন | ১,৯০,০০০/= | |
| ৩ | বেকার যুব মহিলাদের বিভিন্ন ধরনের সেলাই বিষয়ক প্রশিক্ষণ | মহিলা বিষয়ক | ১,৮৬,৮০০/= | |
| ৪ | উদ্যোক্তা তৈরির লক্ষ্যে বেকার যুবকদের রঙিন মাছ চাষ বিষয়ক প্রশিক্ষণ | মৎস্য ও প্রাণিসম্পদ | ১,২৫,৩৭০/= | |
| ৫ | প্রাতিষ্ঠানিক ডেলিভারি সেবা বৃদ্ধি এবং এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে মাতৃ মৃত্যু হ্রাসে প্রাতিষ্ঠানিক প্রসবের গুরুত্ব সম্পর্কে সচেতনতা সৃষ্টির প্রশিক্ষণ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | ১,২৭,৩৬০/= | |
| ৬ | বেকার যুবকদের ইলেকট্রিক হাউজ ওয়ারিং, রেফ্রিজারেশন বিষয়ক প্রশিক্ষণ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা | ১,২৫,৩৭০/= | |
| ৭ | নির্মাণ শ্রমিকদের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ | যুব উন্নয়ন | ১,২২,৩০০/= | |

উপরিউক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ (১) উল্লিখিত প্রকল্পসমসূহ অনুমোদনের এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হলো।

২.৭। উপজেলা শিক্ষা অফিস ঃ সভায় অনুপস্থিত। সংশ্লিষ্ট বিভাগ হতে কোন কার্যপত্র পাওয়া যায়নি।

২.৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর ঃ-

সভায় উপস্থিত উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ,শার্শা, যশোর জানান যে, সংশ্লিষ্ট বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক দাখিলকৃত কার্যপত্রের তথ্য নিম্নরূপ ঃ

(ক) করোনার টিকা প্রদানের লক্ষ্যে শার্শা উপজেলার সকল স্কুল, কলেজ ও মাদ্রাসার ১২ থেকে ১৭ বছর বয়সী শিক্ষার্থীদের তথ্য নির্ধারিত ছক মোতাবেক প্রস্তুত পূর্বক যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে (খ) শিক্ষার্থীদের ইউনিক আই ডি প্রদানের কাজ চলমান আছে। (গ) উপবৃত্তি শিক্ষার্থীদের আইডি ও অন্যান্য তথ্য সংশোধন সংক্রান্ত কাজ সম্পন্ন করতঃ স্কিম পরিচালক, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা বরাবর প্রেরণ করা হয়েছে। (ঘ) উচ্চ মাধ্যমিকের পরীক্ষার্থীদের সংখ্যার প্রাতিষ্ঠানিক তথ্য প্রস্তুত পূর্বক জেলা শিক্ষা অফিসার, যশোর বরাবর প্রেরণ করা হয়েছে।

উপরিউক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ (১)। নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন অব্যাহত রেখে শিক্ষার মান উন্নয়নে শিক্ষকদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ,শার্শা, যশোরকে অনুরোধ জানানো হলো।

চলমান পাতা-৩

২.৯। উপজেলা সমাজসেবা অধিদপ্তর ঃ সভায় উপস্থিত উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শার্শা, যশোর জানান যে, বিভিন্ন ভাতাভোগীদের ভাতা প্রদান শতভাগ অনুমোদন হয়েছে। আসন্ন ইউপি নির্বাচনের পর ভাতা প্রদান শুরু হবে।

২.১০। উপজেলা নির্বাচন অফিস ঃ সভায় অনুপস্থিত।

২.১১। খাদ্য বিভাগ ঃ-

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শার্শা, যশোর কর্তৃক উপস্থাপিত কার্যপত্রে দেখা যায় যে, নাভারণ এল এস ডি তে বোরো সংগ্রহ/২০২১ চাল মজুদ ১৬৬৮.২৭০ মেট্রিক টন, গম মজুদ ৬.৪১২ মেঃটন এবং বোরো সংগ্রহ ফলিত/২০২১ চাল মজুদ ৭৪৮.৩৪৮ মেঃটন। বাগআঁচড়া এলএসডিতে বোরো সংগ্রহ/২০২১ চাল মজুদ ১১৩৫.৭৬৭ মেঃটন। নাভারণ এলএসডিতে আমন ধান সংগ্রহ/২০২১-২০২২ এর আওতায় লক্ষ্যমাত্রা ১১৮০.০০০ মেঃটন এবং আমন সংগ্রহ ফলিত চাল/২০২১-২০২২ এর আওতায় লক্ষ্যমাত্রা ২৫৭৬.০০০ মেঃটন। প্রাপ্ত কার্যবিবরণীতে আরও দেখা যায় ভিজিডি কার্ড সংখ্যা২৭৬০টি, খাদ্য বান্ধব কার্ড সংখ্যা ১৭৬১৭টি।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শার্শা, যশোর কর্তৃক উত্থাপিত তথের বিষয়ে সভায় আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ (১) বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখাসহ ধান ও চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ জানানো হয়।

২.১২। বিদ্যুৎ বিভাগ ঃ

বিদ্যুৎ বিভাগ হতে প্রাপ্ত কার্যবিবরণীতে দেখা যায়, আলোচ্য মাসে সরকারি প্রকল্পের আওতায় লাইন নির্মান করা হয়েছে ১০.০০ কিঃমিঃ এবং বিভিন্ন শ্রেণির গ্রাহকদের ৭০৬ টি সংযোগ প্রদান করা হয়েছে। বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক আছে। তবে রক্ষণাবেক্ষণ কাজ এবং প্রকল্পের আওতায় লাইন আপগ্রেডিং কাজের জন্য বিভিন্ন জায়গায় বিদ্যুৎ সরবরাহ সাময়িকভাবে বন্ধ থাকছে। সরকারি উন্নয়নমূলক কাজে তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

বিদ্যুৎ বিভাগের কার্যক্রমের বিষয়ে আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হলো।

সিদ্ধান্ত ঃ ১। যেসকল সরকারি অফিসের বিদ্যুৎ বিল বকেয়া আছে তাদের বিদ্যুৎ বিল পরিশোধের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য স্ব স্ব বিভাগীয় প্রধানকে অনুরোধ জানানো হলো।

২.১৩। উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ-

সভায় উপস্থিত হয়ে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শার্শা, যশোর সংশ্লিষ্ট বিভাগের কার্যক্রমের বিষয়ে যে তথ্য তুলে ধরেন তা নিম্নরুপঃ

| ক্রমিক নং | কার্যক্রমের নাম | অগ্রগতি বিবরণ |
|---|---|---|
| ১ | ভিজিডি কার্যক্রম | ভিজিডি উপকারভোগী ২৭৬০ জন। ২০২১-২০২২ চক্রের নভেম্বর/২০২১ মাসের ভিজিডি ডিও প্রদান করা হয়েছে। খাদ্যশস্য বিতরণ কার্যক্রম চলমান আছে। |
| ২ | দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচি | মাতৃত্বকালীন ভাতা- ১১টি ইউনিয়নে ১৬৭২জন, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থবছরের ভাতাভোগীদের ভাতা বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। |
| ৩ | ক্ষুদ্র ঋণ কার্যক্রম | নভেম্বর/২০২১ মাসে ক্ষুদ্র ঋণ কার্যক্রম চলমান। |
| ৪ | বাল্য বিবাহ রোধ কার্যক্রম | নভেম্বর /২০২১ মাসে ১টি বাল্যবিবাহ বন্ধ করা হয়েছে। |
| ৫ | কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচি | বেনাপোল পৌরসভায় কর্মজীবী ল্যাটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচির আওতায় ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থবছরের ভাতাভোগীদের ভাতা বিতরণ চলমান রয়েছে। |
| ৬ | সভা/উঠান বৈঠক | বাল্যবিবাহ, মানব পাচার ইভটিজিং বিষয়ে ১টি আলোচনা সভা ও ০১টি উঠান বৈঠক করা হয়েছে। |
| ৭ | আইজিএ প্রশিক্ষণ কার্যক্রম | আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের ০২টি ট্রেডের ১১ম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম শেষ হয়েছে। দর্জিবিজ্ঞান ও ব্লব বাটিক ০২টি ট্রেডের ০২জন প্রশিক্ষক ০৬ মাসের মাতৃত্বকালীন ছুটিতে থাকায় সদর কার্যালয়ের নির্দেশনা মোতাবেক প্রশিক্ষণ কার্যক্রম সাময়িক স্থগিত করা হয়েছে। |
| ৮ | কিশোর-কিশোরী ক্লাব | শার্শা উপজেলায় ১১টি ইউনিয়ন ও ১টি পৌরসভাসহ মোট ১২টি কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। |

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক উপস্হাপিত তথ্যের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়

সিদ্ধান্ত ঃ (ক) বাল্য বিবাহ যাতে সংঘটিত হতে না পারে সেজন্য তৎপর থাকার স্ব স্ব ইউপি চেয়ারম্যান এবং ইউপি সদস্যদের অনুরোধ জানানো হলো।

২.১৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ সভায় অনুপস্থিত। সংশ্লিষ্ট বিভাগ হতে কার্যপত্র পাওয়া যায়নি।

২.১৫। উপজেলা সমবায় অধিদপ্তর ঃ- উপজেলা সমবায় কর্মকর্তা, শার্শা, যশোরের পক্ষে সভায় উপস্থিত প্রতিনিধি জানান যে, সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় অবহিত করেন যে, গিলাপোল আশ্রয়ন প্রকল্পের ৫টি ব্যারাকের ৫০টি ঘরের মধ্যে অধিকাংশ ঘরই বসবাসের অনুপোযোগী। ঘরের চালের টিন নষ্ট হয়ে গেছে। বর্ষায় ভিতরে পানি পড়ে। টয়লেট গুলির অবস্থা খুবই খারাপ। ঘর ও টয়লেট মেরামত করা খুবই প্রয়োজন।

উপরিউক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ (১)। গিলাপোল আশ্রয়ন প্রকল্পের ঘর ও টয়লেট মেরামতের লক্ষ্যে একটি কমিটি গঠন করে কমিটি সরেজমিনে পরিদর্শন পূর্বক মেরামত ব্যয়ের একটি প্রাক্কলন পূর্বক প্রতিবেদন আগামী সভায় উপস্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শার্শা, যশোরকে অনুরোধ জানানো হলো।

২.১৬। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ- সভায় অনুপস্থিত। সংশ্লিষ্ট বিভাগ হতে কোন কার্যপত্র পাওয়া যায়নি।

২.১৭ ঃ উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর ঃ-

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শার্শা, যশোরের পক্ষে সভায় উপস্থিত প্রতিনিধি সংশ্লিষ্ট বিভাগের আলোচ্য মাসের ঋণ কার্যক্রমের যে তথ্য উপস্থাপন করেন তা নিম্নরুপঃ

ঋণ কর্মসূচি ঃ

ঋণ বিতরণঃ

| ক্রঃ | কর্মসূচীর নাম | আলোচ্য মাসে ঋণ বিতরণ | | ২০২০-২০২১ অর্থবছরে ঋণ বিতরণ | |
|---|---|---|---|---|---|
| | | ঋণের পরিমান | ঋণ গ্রহিতার সংখ্যা | ঋণের পরিমান | ঋণ গ্রহিতার সংখ্যা |
| ১ | ঋণ কর্মসূচি(রাজস্ব- আত্মকর্মসংস্থান) | - | - | ৫,০০,০০০/= | ০৭ |
| ২ | ঋণ কর্মসূচী (পরিবার) | -- | -- | - | - |
| ৩ | ঋণ কর্মসূচী (প্রকল্প-কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান) | - | -- | - | - |
| | মোট- | - | ০৭ | ৫,০০,০০০/= | ০৭ |

চলমান পাতা-৪

...াদায় ঃ

| ক্রঃ | কর্মসূচীর নাম | আলোচ্য মাসে ঋণ আদায়ের তথ্য | | |
|---|---|---|---|---|
| | | আদায়যোগ্য | আদায়কৃত | আদায়ের হার |
| ১ | ঋণ কর্মসূচি(রাজস্ব- আত্মকর্মসংস্থান) | ২,২৩,৪২৮= | ১,৮৯,০৩৭/= | ৮৫% |
| ২ | ঋণ কর্মসূচী (পরিবার) | ৩৮,৪০০/= | ৩৮,৪০০/= | ১০০% |
| ৩ | ঋণ কর্মসূচী (প্রকল্প-কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান) | ১০,৬০০/= | ৮,৫০০/= | ৮১৫% |
| | মোট- | ২,৭২,৪২৮/= | ১,৩৫,৯৩৭/= | |

উপরিউক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ১। দাপ্তরিক কাজের বর্তমান ধারা অব্যাহত রাখাসহ ঋণ আদায় কার্যক্রম জোরদার করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।

২.১৮। উপজেলা বন বিভাগ ঃ

সামাজিক বনায়ন কেন্দ্র, শার্শা, যশোর হতে প্রাপ্ত কার্যপত্রে দেখা যায়, নার্সারীর বিক্রয়/বিতরণের কাজ, বাগান টহলের কাজ, করাত কলের লাইসেন্স নবায়নের কাজ চলমান আছে।

২.১৯। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ

সভায় উপস্থিত উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, শার্শা, যশোর জানান যে, সংশ্লিষ্ট বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। সংশ্লিষ্ট বিভাগের চলতি বছরের চলমান উন্নয়ন প্রকল্পের অগ্রগতির বিষয়ে যে তথ্য তুলে ধরেন তা নিম্নরূপঃ

| ক্রঃনং | প্রকল্পের নাম | ৬নং গভীর | সাবমার্সিবল (তারা) | মোট বরাদ্দ | কাজের অগ্রগতির পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্প (২য়) | ২৩ | ৩৪৩ | ৩৬৬ | ৩৪০টি মোটর সেট | |
| ০২ | সমগ্র বাংলাদেশ পানি সরবরাহ প্রকল্প | ০ | ২৮৬ | ২৮৬ | ১৫০টি মোটর সেট | |
| ০৩ | অগ্রাধিকারমূলক গ্রামীণ পানি সরবরাহ প্রকল্প(২য়) | ০ | ৫০ | ৫০ | ৫০ ট মোটর সেট | |
| ০৪ | পল্লী পানি প্রকল্প | ১১ | ০৬ | ১৭ | ৬টি মোটর সেট | |
| ০৫ | ২৩ পৌরসভা পানি সরবরাহ প্রকল্প | প্রাইমারী ড্রেন | ১২.২০ কিঃমিঃ | | ৯.০২ কিঃমিঃ | |
| | | কমিউনিলবিন | ১৭ | | সাইড সিলেকশন চলছে | |
| | | টয়লেট | ২৭ | | ১৭টি | |
| ০৬ | PEDP-4 / GPS/NNGPS প্রকল্প | ওয়াস ব্লক | ০৯টি | ০৯ | কাজ শেষ পর্যায়ে | |
| ০৭ | আশ্রয়ন প্রকল্প | ০৬টি | - | ০৬টি | কাজ চলমান ০৫টি বোরিং | |
| | মোট নলকূপের কাজ চলমান-৬৮৫ (সাব মার্সিবল) | | | | মোটর সেট-৫২১ টি | |

উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, শার্শা, যশোর আরও জানান যে, বেনাপোল ও পুটখালী ইউনিয়নের জন্য বরাদ্দকৃত আর্সেনিকমুক্ত গভীর নলকূপ স্থাপনের ক্ষেত্রে সাইট পাওয়া যাচ্ছে না। সাইট না পাওয়ায় উল্লিখিত ২টি ইউনিয়নের বরাদ্দকৃত নলকূপ অন্য ইউনিয়নে স্থাপনের বিষয়ে তিনি সভার সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান।

উপরিউক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ১। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, শার্শা, যশোরকে অনুরোধ জানানো হলো।
২। বেনাপোল ও পুটখালী ইউনিয়নের জন্য বরাদ্দকৃত আর্সেনিকমুক্ত গভীর নলকূপ অন্য ইউনিয়নের স্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হলো।

২.২০। উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ ঃ-

সভায় উপস্থিত উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা ,শার্শা ,যশোর জানান যে, সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক আলোচ্য মাসে ০২ জন ভিডিপি সদস্যকে কম্পিউটার প্রশিক্ষণে এবং ০১ জন সদস্যকে সেলাই ও ফ্যাশান ডিজাইন প্রশিক্ষণে জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, যশোরে পাঠানো হয়েছে। বেনাপোল রেল স্টেশনের নিরাপ্তা বৃদ্ধির জন্য ০৮ জন অঙ্গীভূত আনসার সদস্য মোতায়েন করা হয়েছে। ১৫জন ভিডিপি সদস্যকে ২১ দিন মেয়াদী অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণে পাঠানো হয়েছে। এছাড়া বাহিনীর অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

উপরিউক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ১। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখাসহ ভিডিপি সদস্যদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে বেশি বেশি করে বিভিন্ন প্রশিক্ষণে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, শার্শা, যশোরকে অনুরোধ জানানো হলো।

২.২১। আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক ঃ সভায় অনুপস্থিত। সংশ্লিষ্ট দপ্তর হতে কোন কার্যপত্র পাও য়া যায়নি।

২.২২। মুক্তিযোদ্ধা সংসদ, শার্শা উপজেলা ঃ- সভায় উপস্থিত জনাব মোঃ মোজাফফর হোসেন, সাবেক কমান্ডার, শার্শা উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, শার্শা ,যশোর জানান যে, বীর মুক্তিযোদ্ধাদের ভাতাসহ অন্যান্য প্রাপ্য সুযোগ সুবিধা সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে।

শার্শা উপজেলাধীন কাগজপুকুরে অবস্থিত শহীদ বীর মুক্তিযোদ্ধাদের মাজারটি সংস্কারের জন্য জেলা কার্যালয় হতে বরাদ্দকৃত অর্থে সংস্কার কাজ সম্পূর্ণ সম্পন্ন করা সম্ভব হয়নি। সংস্কার কাজ অসম্পূর্ণ রয়েছে। তিনি মাজারের সংস্কার কাজ সম্পূর্ণভাবে সম্পন্ন করার জন্য অর্থ বরাদ্দ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান।

উপরিউক্ত বিষয়ে সভায় আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ঃ ১। কাগজপুকুর শহীদ বীর মুক্তিযোদ্ধাদের মাজারটি সংস্কার কাজ সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, শার্শা, যশোরকে অনুরোধ জানানো হলো।

২.২৩ । ইসলামী ফাউন্ডেশন, শার্শা, যশোরঃ- সভায় অনুপস্থিত। কোন কার্যপত্র পাওয়া যায়নি।

২.২৪ । পাট অধিদপ্তর, নাভারণ, শার্শা, যশোরঃ-

সভায় উপস্থিত পরিদর্শক(পাট), পাট অধিদপ্তর, নাভারণ, শার্শা, যশোর আলোচ্য মাসের সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক কার্যক্রমের বিষয়ে জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে আলোচ্য মাসে লাইসেন্স এর সংখ্যা ১০ টি এবং রাজস্বের পরিমান-৬,০০০/= টাকা । বর্তমান পাটের বাজার দরের বিষয়ে তিনি জানান যে, বর্তমানে পাটের বাজার দর ৬,২৫০/= টাকা হতে ৬,৭৫০/= টাকা প্রতি কুইন্টাল। এছাড়া পাটবীজ উৎপাদনকারী চাষীদের মধ্য থেকে ১০০ জন চাষীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

চলমান পাতা-৫

উপরিউক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ১। পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন যথাযথভাবে বাস্তবায়নের জন্য নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিদর্শক(পাট), পাট অধিদপ্তর, নাভারণ, শার্শা, যশোর জানানো হলো।

২.২৫ । উপজেলা তথ্য কেন্দ্র (জাতীয় মহিলা সংস্থা), শার্শা, যশোরঃ

সভায় উপস্থিত তথ্যসেবা কর্মকর্তা, উপজেলা তথ্য কেন্দ্র, জাতীয় মহিলা সংস্থা, শার্শা, যশোর সংশ্লিষ্ট দপ্তরের আলোচ্য মাসের কার্যক্রমের যে তথ্য তুলে ধরেন তা নিম্নরুপঃ

(ক) উপজেলা তথ্য কেন্দ্রের উদ্যোগে ৭০৩ জন সেবাগ্রহীতাকে ডোর টু ডোর সেবা প্রদান করা হয়। (খ) তথ্য কেন্দ্রে স্বাস্থ্যবিধি মেনে সেবাগ্রহীতাদের (মহিলাদের) ২৯৯ জনকে স্বাস্থ্যসেবা প্রদান করা হয় । (গ) এছাড়াও অক্টোবর/২১ মাসে শার্শা ইউনিয়নের অডিটোরিয়ামে ২টি উঠান বৈঠকের আয়োজন করা হয়। যেখানে ৫০জন করে মোট ১০০ জন সুবিধাবঞ্চিত নারী অংশগ্রহণ করে। (ঘ) স্বাস্থ্যবিধি মেনে ডোর টু ডোর কার্যক্রমের মাধ্যমে সেবাগ্রহীতাদের মাস্ক পরার ব্যাপারে বিশেষ সচেতনতা ও ঔসিডিডিআরবি কর্তৃক তৈরিকৃত স্বল্পমূল্যে সোপি ওয়াটার(জীবানুনাশক) ব্যবহারের ব্যাপারেও উদ্বুদ্ধ করা হয় এবং বিনামূল্যে সেবাগ্রহীতাদের মাস্ক বিতরণ কার্যক্রম পরিচালনা করা হয়। (ঙ) স্বাস্থ্য সেবা ছাড়াও আমাদের বিনামূল্যে অনলাইন সেবা প্রদান এবং এমআইএস এ তথ্য হালনাগাদ কার্যক্রম চলমান আছে।

উপরিউক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ১। দাপ্তরিক কাজের বর্তমান ধারা অব্যাহত রাখার জন্য তথ্যসেবা কর্মকর্তা, শার্শা, যশোরকে অনুরোধ জানানো হয়।

২.২৬ । উপজেলা রিসোর্স সেন্টার, শার্শাঃ সভায় অনুপস্থিত।

২.২৮ । ফায়ার সার্ভিস, বেনাপোল,শার্শা, যশোর ঃ সভায় অনুপস্থিত।

## ৩। বিবিধ ঃ

(ক) আলোচ্য বিষয় ঃ হাট বাজার ইজারালব্ধ আয়ের ৪১% বাবদ অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উন্নয়ন তহবিলে স্থানান্তর সংক্রান্ত।

উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, যশোর সভায় জানান যে, কোভিড-১৯ এর কারণে বাংলা ১৪২৮ সনে ইজারাকৃত হাটের ইজারার টাকার দেরীতে আদায় হওয়ায় হাট বাজার ইজারাকৃত অর্থের ৪১% বাবদ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে ২০২১-২০২২ অর্থবছরে প্রাপ্য ১,৯৮,৮৪,৬৩১/= টাকা গত ০৪/১১/২০২১ তারিখে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা করা হয়। ফলে উক্ত অর্থ নির্ধারিত তারিখে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উন্নয়ন তহবিলে স্থানান্তর করা সম্ভব হয়নি। বিধায়, বর্ণিত অর্থ এক্ষণে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উন্নয়ন তহবিলে স্থানান্তর করা প্রয়োজন।

উপরোক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা এবং আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ১। বর্ণিত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উন্নয়ন তহবিলে স্থানান্তর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, যশোরকে অনুরোধ জানানো হলো।

(খ)আলোচ্য বিষয় ঃ আনসার ক্যাম্পে পানির সংযোগ স্থাপনে ব্যয়িত অর্থ পরিশোধ সংক্রান্ত

উপজেলা প্রকৌশলী, শার্শা ,যশোর সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের নিরাপত্তায় নিয়োজিত সশস্ত্র আনসার সদস্যদের জন্য নবনির্মিত ক্যাম্পে পানির লাইন সংযোগের জন্য উপজেলা পরিষদের পানির পাম্প থেকে পানির লাইন সংযোগ, পানির ট্যাংকী স্থাপন এবং এ কাজের মজুরী বাবদ সর্বমোট ভ্যাট, আয়করসহ ২৫,০০০/=(পঁচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত অর্থের বিল/ভাউচার তিনি সভায় উপস্থাপন করেন এবং ব্যয়িত অর্থ পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান।

উপরিউক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা এবং আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ আনসার ক্যাম্পে পানির লাইন সংযোগ বাবদ ব্যয়িত ২৫,০০০/=(পঁচিশ হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের পানির পাম্প রক্ষণাবেক্ষণ ও মেরামত খাত হতে পরিশোধের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) আলোচ্য বিষয় ঃ উপজেলা পরিষদ কার্যালয়ে ইলেকট্রিক ফিল্টার স্থাপন বাবদ বিলের অর্থ পরিশোধ সংক্রান্ত।

উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, যশোর সভায় জানান যে, উপজেলা পরিষদ কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং আগত সেবা গ্রহীতাদের আপ্যায়নে সুপেয় পানি সরবরাহের জন্য একটি ইলেকট্রিক পানির ফিল্টার স্থাপন করা হয়েছে। উল্লিখিত ফিল্টার স্থাপন কাজে ২৩,৪০০/=(তেইশ হাজার চারশত) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত অর্থের বিল/ভাউচার তিনি সভায় উপস্থাপন করেন এবং ব্যয়িত অর্থ পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান।

উপরোক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা এবং আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদ কার্যালয়ে স্থাপিত ইলেকট্রিক পানির ফিল্টার স্থাপন বাবদ ব্যয়িত ২৩,৪০০/=(তেইশ হাজার চারশত) টাকা রাজস্ব তহবিলের উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অফিস সরঞ্জাম ক্রয় খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হলো।

(ঘ) আলোচ্য বিষয় ঃ উপজেলা পরিষদ কার্যালয়ের ইন্টারনেট বিল পরিশোধ সংক্রান্ত।

উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, যশোর সভায় জানান যে, উপজেলা পরিষদ কার্যালয়ের জুলাই/২০২১ হতে অক্টোবর/২০২১ পর্যন্ত বকেয়া ১০,০০০/=(দশ হাজার) টাকার বিল পাওয়া গেছে। বর্ণিত বিল পরিষদের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জনা তিনি অনুরোধ জানান।

উপরোক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা এবং আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ বর্ণিত ইন্টার বাবদ বিলের অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হলো।

(ঙ) আলোচ্য বিষয় ঃ বিজ্ঞাপন বিল পরিশোধ প্রসঙ্গে।

উপজেলা নির্বাহী অফিসার ,শার্শা, যশোর সভায় জানান যে, উপজেলা প্রকৌশলী, শার্শা, যশোরের নিকট হতে ০৭/১০/২০২১ তারিখের ৮৮৪ নং স্মারকে উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিএফ) প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থবছরে ২টি কাজের টেন্ডার বাবদ ৩টি পত্রিকায় (দি পিপুলস টাইম, ঢাকা, বিজ্ঞাপন নং-০১/২০২১-২০২২, ভোরের কাগজ, ঢাকা, বিজ্ঞাপন নং-০১, স্পন্দন,যশোর, বিজ্ঞাপন নং-০১) বিজ্ঞাপন বাবদ সর্বমোট ৪২,৬৯০/৪০ টাকার ৩টি বিল দাখিল পূর্বক বিলের অর্থ পরিশোধের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়েছে। বিল ৩টি সভায় উপস্থাপন করা হয়।

উপরিউক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ১। উল্লিখিত ৩টি পত্রিকার বিজ্ঞাপন বাবদ দাখিলকৃত বিলের অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হলো।

চলমান পাতা-৬

(চ) আলোচ্য বিষয় ঃ উপজেলা পরিষদের আবাসিক অপরুপা ভবনের ল্যাট্রিনের হাউজ পরিস্কার বাবদ বিল পরিশোধ প্রসঙ্গে।

উপজেলা প্রকৌশলী, শার্শা, যশোর জানান যে, উপজেলা পরিষদের আবাসিক অপরুপা ভবনের ল্যাট্রিনের হাউজ জরুরী ভিত্তিতে পরিস্কার করার প্রয়োজন হওয়ায় ভবনের বসবাসকারীগণ কর্তৃক সুইপারের মাধ্যমে পরিস্কার করে খরচ বাবদ ৩,০০০/=(তিন হাজার) টাকার ভাউচার দাখিল পূর্বক উক্ত টাকা পাবার জন্য আবেদন করেছেন। দাখিলকৃত ভাউচার সভায় উপস্থাপন করা হয়। ব্যয়িত টাকা পরিশোধের বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহণের জন্য তিনি সভায় অনুরোধ জানান।

উপরিউক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ১। উপজেলা পরিষদের অপরুপা ভবনের ল্যাট্রিনের হাউজ পরিস্কার বাবদ বিলের ৩,০০০/=(তিন হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হলো।

(ছ) আলোচ্য বিষয় ঃ উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, যশোর এর বাসভবনে লুকিং গ্লাস সংযোজন বিলের অর্থ পরিশোধ সংক্রান্ত।

উপজেলা প্রকৌশলী, শার্শা, যশোর সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, যশোরের বাসভবনে লুকিং গ্লাস সংযোজন করা হয়েছে।এ কাজে ক্রয়কৃত মালের মুল্য (ভ্যাট আইটিসহ) এবং সংযোজন কাজে মজুরী বাবদ সর্বমোট ৬,৫০০/=(ছয় হাজার পাঁচশত) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত অর্থ পরিশোধের নিমিত্তে বিল/ভাউচার সভায় উপস্থাপন করা হয়।

উপরোক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা এবং আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, যশোরের বাসভবনে লুকিং গ্লাস সংযোজন ব্যয় বাবদ ৬,৫০০/=(ছয় হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আসবাবপত্র ক্রয় খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হলো।

(জ) আলোচ্য বিষয় ঃ উপজেলা পরিষদ ভবন ও চত্তরে স্থাপিত সিসি ক্যামেরায় যন্ত্রাংশ সংযোজন ব্যয় বিলের অর্থ পরিশোধ সংক্রান্ত।

উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, যশোর সভায় জানান যে, উপজেলা পরিষদ ভবন ও চত্তরে স্থাপিত সিসি ক্যামেরা সচল রাখার জন্য ল্যান ক্যাবল, ক্যামেরার এডাপটর,ল্যান কালেক্টর সংযোন বাবদ ৩,৭০০/=(তিন হাজার সাতশত) টাকা (সার্ভিস সার্জ, ভ্যাট ও আইটিসহ) ব্যয় হয়েছে। ব্যয়িত অর্থ পরিশোধের নিমিত্তে বিল/ভাউচার সভায় উপস্থাপন করা হয়।

উপরোক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা এবং আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদ ভবন ও চত্তরে স্থাপিত সিসি ক্যামেরা সচল রাখার জন্য ল্যান ক্যাবল, ক্যামেরার এডাপটর,ল্যান কালেক্টর সংযোন বাবদ ৩,৭০০/=(তিন হাজার সাতশত) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হলো।

(ঝ) আলোচ্য বিষয় ঃ উপজেলা পরিষদ ক্যাম্পাসে স্থাপিত আর্সেনিকমুক্ত গভীর নলকূপের জন্য মালামাল ক্রয় বাবদ বিলের অর্থ পরিশোধ সংক্রান্ত।

উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, যশোর সভায় জানান যে, উপজেলা পরিষদ ক্যাম্পাসে সুপেয় পানি সরবরাহ নিশ্চিত করার জন্য স্থাপিত আর্সেনিকমুক্ত গভীর নলকূপে সংযোজনের জন্য হ্যান্ড টিউবওয়েল সেটিং এবং টিউবওয়েলের মোটরে বিদ্যুৎ সংযোগ কাজে (মজুরী ও ভ্যাট আইটিসহ) মোট ৬,০০০/=(ছয় হাজার) টাকা ব্যয় হয়েছে।ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধসহ বিল/ভাউচার সভায় উপস্থাপন করেন।

উপরোক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা এবং আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ উল্লিখিত কাজে ব্যয়িত ৬০০০/= (ছয় হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের পানির পাম্প রক্ষণাবেক্ষণ ও মেরামত খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হলো।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ সিরাজুল হক মঞ্জু)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ কমিটি
শার্শা, যশোর।

স্মারক নং-০৫.৪৪.৪১৯০.০১৮.০৬.০০১.২১- ৪০ (৩৫)

তারিখ ঃ ১৫ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৮৫, যশোর-১, শার্শা।
২। সিনিয়র সচিব, স্হানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, যশোর।
৪। মেয়র, বেনাপোল পৌরসভা, শার্শা, যশোর।
৫। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শার্শা, যশোর।
৬। উপজেলা -----------------------------------------------------------------------------কর্মকর্তা,শার্শা, যশোর।
৭। চেয়ারম্যান, ডিহি/লক্ষণপুর/বাহাদুরপুর/বেনাপোল/পুটখালী/গোগা/কায়বা/বাগআঁচড়া/উলাশী/শার্শা/নিজামপুর ইউনিয়ন পরিষদ, শার্শা, যশোর।

(মীর আলিফ রেজা)
উপজেলা নির্বাহী অফিসার
শার্শা, যশোর।